বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়।
৮৩-৮৫,মতিঝিল বানিজ্যিক এলাকা,ঢাকা-১০০০
ঋণ আদায় বিভাগ।
Email: dgmrecovery@krishibank.org.bd

মুজিববর্ষের প্রতিশ্রুতি আর্থিক খাতের অগ্রগতি

নং-প্রকা/আদায়-৮(৫৯)/২০২০-২০২১/৬২৩ তারিখ ঃ ২২-১১-২০২০ খ্রিঃ

মহাব্যবস্থাপক
সকল বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়
উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

ই-মেইলযোগে

বিষয় ঃ নবান্ন উৎসব উপলক্ষ্যে ১৬ নভেম্বর থেকে ০২ ডিসেম্বর, ২০২০ পর্যন্ত আমানত সংগ্রহ, ঋণ বিতরণ ও ঋণ আদায়ের বিশেষ কর্মসূচি গ্রহণ এবং ০২ ডিসেম্বর, ২০২০ একযোগে সকল শাখায় মহাক্যাম্প অনুষ্ঠান আয়োজন প্রসংগে।

প্রিয় মহোদয়,

চলতি অগ্রহায়ণ মাস নবান্নের মাস। এ মাসে বাংলার প্রধান ফসল আমন ধান বিক্রির মাধ্যমে কৃষকদের হাতে নগদ অর্থের আগমন ঘটে। আবার মৌসুমি ফসল উৎপাদনের জন্য কৃষকের নগদ অর্থের প্রয়োজন হয়। সুতরাং, এ সময়ই ঋণ বিতরণ ও ঋণ আদায়ের উপযুক্ত সময়। আসন্ন আমন ফসল কর্তনের মৌসুমে অত্যন্ত সচেতনতা, আন্তরিকতা ও পরিশ্রমের মাধ্যমে আমানত সংগ্রহ, ঋণ বিতরণ এবং ঋণ আদায়ের আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সংশ্লিষ্ট সকলের সচেষ্ট হওয়া প্রয়োজন। এ উদ্দেশ্যকে বিবেচনায় রেখে বিগত ০৫.১১.২০২০ ইং অত্র বিভাগের অভিন্ন নথির পত্র নং ৫৫৬(১২৫০) মূলে ১৬ নভেম্বর থেকে ০২ ডিসেম্বর, ২০২০ তারিখ পর্যন্ত বিশেষ কর্মসূচি গ্রহণ এবং ১৬ নভেম্বর, ২০২০ তারিখে একযোগে সকল শাখায় 'নবান্ন অনুষ্ঠান' আয়োজন এবং ০২ ডিসেম্বর, ২০২০ তারিখে মহাক্যাম্প উপলক্ষ্যে ব্যাংকের আমানত সংগ্রহ, ঋণ বিতরণ এবং ঋণ আদায়ের বিশেষ কর্মসূচি গ্রহণ করা হয়েছিল।

০২। গৃহীত কর্মসূচীর ধারাবাহিকতায় আগামী ০২.১২.২০২০ সকল শাখায় একযোগে মহাক্যাম্প আয়োজন এবং মহাক্যাম্পের লক্ষ্যমাত্রা পরিশিষ্ট-০১ অনুযায়ী নির্ধারন করে দেয়া হলো (২৩ তম সপ্তাহে আনুপাতিক অর্জনের হার ৪৪% ধরে)। বিভাগীয় কার্যালয়সমূহ তাঁদের আওতাধীন কর্পোরেট শাখা/মুখ্য অঞ্চল/অঞ্চলসমূহের মধ্যে লক্ষ্যমাত্রা বন্টনপূর্বক উক্ত পত্রের অনুলিপি ঋণ আদায় বিভাগে আগামী ২৩-১১-২০২০ তারিখের মধ্যে প্রেরণ নিশ্চিত করবেন। বিভাগীয় কার্যালয় হতে প্রাপ্ত লক্ষ্যমাত্রা মুখ্য অঞ্চল/অঞ্চল প্রধানগণ তাঁদের আওতাধীন শাখাসমূহের মধ্যে আনুপাতিক হারে বন্টন করে দিবেন।

০৩। মাঠ পর্যায়ে ব্যাংকের গৃহীত যে কোন কর্মসূচির সফল বাস্তবায়ন মহাব্যবস্থাপক,বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়,অঞ্চল প্রধান এবং কর্পোরেট শাখা প্রধানের গতিশীল নের্তৃত্ব, তাৎক্ষণিক যথাযথ নির্দেশনা প্রদান ও প্রয়োজনীয় তদারকির উপর বহুলাংশে নির্ভরশীল বিধায় এ কর্মসূচির সফল বাস্তবায়নের দায়-দায়িত্ব তাঁদের উপর ন্যস্ত করা হলো। মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয়/মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণ এ কর্মসূচি সফলভাবে আয়োজনের মাধ্যমে নির্ধারিত ঋণ বিতরণ এবং ঋণ আদায় লক্ষ্যমাত্রার ১০০% অর্জন নিশ্চিত করার লক্ষ্যে তাঁদের প্রজ্ঞা ও অভিজ্ঞতার আলোকে কর্পোরেট শাখা/শাখাসমূহকে যথোপযুক্ত দিক নির্দেশনা প্রদান করবেন এবং কর্মসূচির সফল বাস্তবায়নে কর্পোরেট শাখা/শাখাসমূহ কর্তৃক গৃহীত কর্মসূচির তদারকি কার্যক্রম জোরদার করবেন। অনুরূপভাবে স্থানীয় মুখ্য কার্যালয় প্রধান উক্ত কর্মসূচির সফল বাস্তবায়নে কার্যালয়ে কর্মরত জনশক্তির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করবেন।

০৪। "মহাক্যাম্প" কর্মসূচির সফল বাস্তবায়নে মাঠ কার্যালয়সমূহের করনীয়ঃ

(ক) অত্র বিভাগের পত্র নং প্রকা/আদায়-০৮(৫৯)২০২০-২০২১/৫৫৬(১২৫০) তারিখ:- ০৫.১১.২০২০ ইং এর মাধ্যমে প্রদত্ত নির্দেশনা যথাযথ ভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে,
(খ) জানুয়ারী ২০২১ পর্যন্ত দেয় তারিখ থাকা এবং ইতিমধ্যে দেয় তারিখ পার হয়ে যাওয়া সিসি ঋণ সমুহ নবায়ন,প্রযোজ্য ক্ষেত্রে বর্ধিত করনের কার্যাদি শাখা পর্যায়ে সম্পাদন/ উর্ধ্বতন কার্যালয়ে প্রস্তাব প্রেরণ করতে হবে,
(গ) ১.০০ লক্ষ ও তদূর্ধ্ব শ্রেণীকৃত সিসি/মেয়াদী ঋণ সংশ্লিষ্ট ঋণ গ্রহীতাদের নিয়ে দ্বি-পাক্ষিক সভার আয়োজন করতে হবে,
(ঘ) স্থানীয় মুখ্য কার্যালয় নিজস্ব ব্যবস্থাপনায় এবং মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় শাখা সমুহের জন্য প্রয়োজনীয় সংখ্যক নোটিশ/আমন্ত্রণ পত্র মূদ্রণ ও সরবরাহের ব্যবস্থা গ্রহণ করবেন,
(ঙ) নোটিশ/আমন্ত্রণ পত্র আগামী ২৮.১১.২০২০ ইং তারিখের মধ্যে ইস্যু/বিতরণ নিশ্চিত করতে হবে।

(৫) সকল কর্পোরেট শাখা প্রধান/শাখা ব্যবস্থাপকগণ ০২ডিসেম্বর, ২০২০ তারিখে মহাক্যাম্পের আয়োজন করবেন। উক্ত মহাক্যাম্পে স্থানীয় প্রশাসনের সর্বোচ্চ নির্বাহী, বিশেষ করে সার্টিফিকেট মামলার দায়িত্বপ্রাপ্ত সার্টিফিকেট অফিসারকে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করে সদয় আমন্ত্রণ জানাতে হবে। অনুষ্ঠান আয়োজনে কোভিড-১৯ নিয়ন্ত্রণের ক্ষেত্রে বিশ্ব স্বাস্থ্য সংস্থা প্রণীত কোভিড-১৯ গাইড লাইন যথাযথভাবে অনুসরণ করতে হবে এবং স্বাস্থ্যবিধি মেনে সার্বিক কার্যক্রম পরিচালনা করতে হবে।

চলমান পাতা-০২

০৬। স্থানীয় মুখ্য কার্যালয় এবং বিভাগীয় কার্যালয়সমূহ তাঁদের বিভাগাধীন কর্পোরেট শাখা ও মুখ্য অঞ্চল/অঞ্চলসমূহ কর্তৃক আয়োজিত ঋণ আদায় মহাক্যাম্পে অর্জন সংক্রান্ত তথ্যাদির সংকলিত বিবরণী পরিশিষ্ট-২ এ উল্লেখিত ছকে ০৩-১২-২০২০ তারিখ সকাল ১১.৩০ ঘটিকার মধ্যে ই-মেইলযোগে ঋণ আদায় বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।

০৭। "মহাক্যাম্প" কর্মসূচির সফল বাস্তবায়নের লক্ষ্যে বিভাগীয় কার্যালয়ে কর্মরত জনশক্তি বিভাগীয় মহাব্যবস্থাপকগণ তাঁদের বিভাগাধীন ঋণ বিতরণ ও ঋণ আদায়ে সবচেয়ে পিছিয়ে পড়া অথচ সম্ভাবনাময় অঞ্চল/কর্পোরেট শাখায় নিয়োজিত করবেন। অঞ্চল প্রধানগণ নিজ কার্যালয়ের কর্মকর্তাসহ বিভাগীয় কার্যালয় হতে প্রেরিত কর্মকর্তাদেরকে অঞ্চলাধীন ঋণ বিতরণ ও ঋণ আদায়ে সবচেয়ে পিছিয়ে পড়া অথচ সম্ভাবনাময় শাখায় নিয়োজিত করে তাদের শ্রম, সময় ও মেধাকে ব্যাংক/শাখার স্বার্থে কাজে লাগানোর জন্য সার্বিক ব্যবস্থা গ্রহণ করবেন। শাখা ব্যবস্থাপকগণ শাখায় কর্মরত মাঠকর্মীর সাথে এ সকল কর্মকর্তাগণকে সম্পৃক্ত করবেন।

০৮। "মহাক্যাম্প" কার্যক্রম সরাসরি পর্যবেক্ষণ ও সফল বাস্তবায়নের জন্য প্রধান কার্যালয়ের উর্ধতন নির্বাহীগণ কর্পোরেট শাখা/ শাখাসমূহ কর্তৃক আয়োজিত ঋণ আদায় ক্যাম্প/মহাক্যাম্পে উপস্থিত থেকে মাঠকর্মীদের উদ্বুদ্ধ করবেন ।

০৯। উপরোক্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ ও পরিপালনপূর্বক অধিক পরিমাণে **শ্রেণীকৃত ঋণ (CL)এবং শ্রেণীযোগ্য ঋণ-১(WCL-1) ১০০%** আদায়ের বিষয়টি সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে **০২ ডিসেম্বর, ২০২০** আয়োজিত আমানত সংগ্রহ, ঋণ বিতরণ এবং ঋণ আদায়ের বিশেষ কর্মসূচির সফল বাস্তবায়নের মাধ্যমে নির্ধারিত ঋণ বিতরণ ও ঋণ আদায় লক্ষ্যমাত্রার শতভাগ অর্জন নিশ্চিত করার লক্ষ্যে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো ।

সংযুক্তিঃ বর্ণনামতে। অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

২২/১১/২০২০

(মোঃ আজিজুল বারী)
মহাব্যবস্থাপক
ঋণ আদায় মহাবিভাগ (অতিঃ দায়িত্বে)

নং-প্রকা/আদায়-৮(৫৯)/২০২০-২০২১/ ৬২৩ তারিখ ঃ ২২-১১-২০২০ খ্রিঃ

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০২। স্টাফ অফিসার, সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি স্টাফ কলেজ, মিরপুর , ঢাকা।
০৫। সচিব,পর্ষদ সচিবালয়/ সকল উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান, বিকেবি, প্রকা, ঢাকা। অত্র পরিপত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপ-মহাব্যবস্থাপক, তথ্য প্রযুক্তি (সিস্টেমস) বিভাগকে অনুরোধ করা হলো।
০৬। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বিকেবি।
০৭। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বিকেবি ।
০৮। নথি/মহানথি।

২২/১১/২০২০

(অসীম ভূষণ কুন্ডু)
উপ-মহাব্যবস্থাপক

# বাংলাদেশ কৃষি ব্যাংক
## প্রধান কার্যালয়, ঢাকা।
## ঋণ আদায় বিভাগ।

বিষয়ঃ ০২ ডিসেম্বর, ২০২০ তারিখে অনুষ্ঠিতব্য ' মহাক্যাম্প ' অনুষ্ঠানের আমানত সংগ্রহ, ঋণ বিতরণ এবং ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ প্রসঙ্গে।

(কোটি টাকায়)

| ক্রঃ নং | বিভাগের নাম | আমানত সংগ্রহ | ঋণ বিতরণ | ঋণ আদায় | | | | | সর্বমোট ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা | ৫২-স্থগিত সুদের লক্ষ্যমাত্রা | অবলোপনকৃত ঋণের লক্ষ্যমাত্রা | পুনঃতফসিলিকৃত ঋণের লক্ষ্যমাত্রা (পুনঃতফসিল শ্রেণীযোগ্য-১,২ ব্যাতীত) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | শ্রেণীকৃত ঋণের লক্ষ্যমাত্রা | শ্রেণীযোগ্য-১ ঋণের লক্ষ্যমাত্রা | | শ্রেণীযোগ্য-২ ঋণের লক্ষ্যমাত্রা | | | | | |
| | | | | | নিয়মিত | পুনঃতফসিলকৃত | নিয়মিত | পুনঃতফসিলকৃত | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০(৫+৬+৭+৮+৯) | ১১ | ১২ | ১৩ |
| ১ | ঢাকা | ৫০৩.০০ | ৩৯৪.০০ | ১৮৪.০০ | ১৫৬.০০ | ৯৫.০০ | ১২৩.০০ | ১৩৭.০০ | ৬৯৫.০০ | ৩৬.০০ | ৯.২০ | ১৩৩.০০ |
| ২ | ময়মনসিংহ | ১৪৮.০০ | ৯০.০০ | ৬৫.০০ | ৮৮.০০ | ১০২.০০ | ৫৬.০০ | ৭৭.০০ | ৩৮৮.০০ | ২৪.০০ | ১.১০ | ২১৯.০০ |
| ৩ | চট্টগ্রাম | ৩৮৫.০০ | ২৭০.০০ | ১০০.০০ | ৬০.০০ | ২০.০০ | ৭০.০০ | ১০২.০০ | ৩৫২.০০ | ১৬.০০ | ৩.০০ | ৩০.০০ |
| ৪ | কুমিল্লা | ১২২.০০ | ২২১.০০ | ৩৭.০০ | ১০৬.০০ | ৮৮.০০ | ৭৫.০০ | ৪০.০০ | ৩৪৬.০০ | ১৯.০০ | ১.৪০ | ৭২.০০ |
| ৫ | সিলেট | ১৫৫.০০ | ১৪৩.০০ | ১০.০০ | ৪৪.০০ | ৪২.০০ | ২১.০০ | ১৩.০০ | ১৩০.০০ | ৮.০০ | ০.৯০ | ২০.০০ |
| ৬ | খুলনা | ১৯২.০০ | ২৬২.০০ | ৩১.০০ | ৭৯.০০ | ২৭.০০ | ১১৯.০০ | ১৭.০০ | ২৭৩.০০ | ৯.০০ | ৩.২০ | ২৫.০০ |
| ৭ | কুষ্টিয়া | ১০১.০০ | ২৮৫.০০ | ২০.০০ | ৭১.০০ | ৩১.০০ | ৬৩.০০ | ১৭.০০ | ২০২.০০ | ৫.০০ | ০.৩০ | ১৮.০০ |
| ৮ | বরিশাল | ১৯৩.০০ | ১৯৮.০০ | ১৬.০০ | ৯২.০০ | ১৬২.০০ | ৪৮.০০ | ২৩.০০ | ৩৪১.০০ | ৭.০০ | ১.১০ | ১০৩.০০ |
| ৯ | ফরিদপুর | ১২১.০০ | ২২৯.০০ | ৮.০০ | ৪৫.০০ | ২৪.০০ | ৪৭.০০ | ১৪.০০ | ১৩৮.০০ | ৪.০০ | ০.৪০ | ৩৫.০০ |
| ১০ | এলপিও | ৬৫.০০ | ৫৭৫.০০ | ১৪.০০ | ০.০০ | ০.০০ | ২৫০.০০ | ২৭২.০০ | ৫৩৬.০০ | ৩৯.০০ | ০.৪০ | ৩৮.০০ |
| | সর্বমোট ঃ | ১৯৮৫.০০ | ২৬৬৭.০০ | ৪৮৫.০০ | ৭৪১.০০ | ৫৯১.০০ | ৮৭২.০০ | ৭১২.০০ | ৩৪০১.০০ | ১৬৭.০০ | ২১.০০ | ৬৯৩.০০ |

23.11.2020
(মোঃ মাহমুদুল হাসান ভূঁইয়া )
ঊর্ধ্বতন কর্মকর্তা

২২.১১.২০২০
(নুরুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক

বাংলাদেশ কৃষি ব্যাংক

বিভাগীয় কার্যালয়-------------- ।

পরিশিষ্ট-"২"

বিষয়ঃ ০২ ডিসেম্বর, ২০২০ তারিখে অনুষ্ঠিতব্য মহাক্যাম্পের আমানত সংগ্রহ, ঋণ বিতরণ ও ঋণ আদায় সংক্রান্ত তথ্যাদি প্রেরণ প্রসঙ্গে।

(কোটি টাকায়)

| ক্রম নং | কর্পোরেট শাখা/ মুখ্য অঞ্চল/ অঞ্চলের নাম | আমানত সংগ্রহ | | | ঋণ বিতরণ | | | ঋণ আদায়ের পরিমাণ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | শ্রেণীকৃত ঋণ | | | শ্রেণীযোগ্য ঋণ-১ | | | | শ্রেণীযোগ্য ঋণ-২ | | | | মোট ঋণ আদায় | | | | পুনঃতফসিলিকৃত ঋণ আদায় | | | ৫২- স্থগিত সুদ আদায় | | | অবলোপনকৃত ঋণ আদায় | | |
| | | | | | | | | | | | নিয়মিত ঋণ | | পুনঃতফসিলিকৃত | | নিয়মিত ঋণ | | পুনঃতফসিলিকৃত ঋণ | | লক্ষ্যমাত্রা | মোট গ্রাহক সংখ্যা | অর্জন | | | | | | | | | | |
| | | লক্ষ্যমাত্রা | পরিমাণ | হার | লক্ষ্যমাত্রা | পরিমাণ | হার | লক্ষ্যমাত্রা | অর্জন | হার | লক্ষ্যমাত্রা | অর্জন | লক্ষ্যমাত্রা | অর্জন | লক্ষ্যমাত্রা | অর্জন | লক্ষ্যমাত্রা | অর্জন | | | পরিমাণ | হার | লক্ষ্যমাত্রা | অর্জন | হার | লক্ষ্যমাত্রা | অর্জন | হার | লক্ষ্যমাত্রা | অর্জন | হার |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ | ২৩ | ২৪ | ২৫ | ২৬ | ২৭ | ২৮ | ২৯ | ৩০ | ৩১ | ৩২ |
| ০ | | ০.০০ | | ০% | ০.০০ | ০.০০ | ০% | ০.০০ | ০.০০ | ০% | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | | ০.০০ | #ডিভ/০! | ০.০০ | ০.০০ | #ডিভ/০! | | | #ডিভ/০! | | | #ডিভ/০! |